জাতীয় কম্পিউটার প্রশিক্ষণ ও গবেষণা একাডেমী
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
বগুড়া, বাংলাদেশ
www.nactar.gov.bd

স্মারক নং-৫৭.২১.০০০০.০০৩.১২.০০১.২১.১৮৩৭

তারিখ : ২৭ অগ্রহায়ণ, ১৪২৮ বঙ্গাব্দ
১২ ডিসেম্বর, ২০২১ খ্রিষ্টাব্দ

# নিয়োগ বিজ্ঞপ্তি

কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় এর অধীন জাতীয় কম্পিউটার প্রশিক্ষণ ও গবেষণা একাডেমী (নেকটার), বগুড়ার রাজস্ব খাতের (অস্থায়ী/স্থায়ী) পদসমূহে সরাসরি নিয়োগের মাধ্যমে পূরণের নিমিত্ত নিম্নবর্ণিত শর্তে উল্লেখিত পদের বিপরীতে যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন প্রকৃত বাংলাদেশী নাগরিকের নিকট হইতে আবেদন পত্র আহবান করা যাচ্ছে।

| ক্রমিক নং | পদের নাম | বেতনক্রম (জাতীয় বেতন স্কেল, ২০১৫) | সর্বোচ্চ বয়সসীমা | পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | যে সকল জেলাসমূহের প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নাই। |
|---|---|---|---|---|---|---|
| ০১। | ইন্সট্রাক্টর | গ্রেড-৭<br>২৯০০০-৬৩৪১০ | ৩৫ বৎসর | ২টি | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কম্পিউটার সায়েন্স, কম্পিউটার ইঞ্জিনিয়ারিং, কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বা কম্পিউটার সায়েন্স এন্ড ইনফরমেশন টেকনোলজিতে ১ম শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) কোন সরকারি বা আধা-সরকারি বা স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে সহকারী ইন্সট্রাক্টর বা সহকারী প্রশিক্ষক পদে ৪ (চার) বৎসরের চাকুরির অভিজ্ঞতা; এবং<br>(গ) তথ্য প্রযুক্তির যে কোন বিষয়ে অন্যূন ১টি গবেষণামূলক প্রকাশনা থাকিতে হইবে। | |
| ০২। | প্রশিক্ষক (আইসিটি) | গ্রেড-৭<br>২৯০০০-৬৩৪১০ | ৩৫ বৎসর | ১টি | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কম্পিউটার সায়েন্স, কম্পিউটার ইঞ্জিনিয়ারিং, কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বা কম্পিউটার সায়েন্স এন্ড ইনফরমেশন টেকনোলজিতে ১ম শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ৪ (চার) বৎসর মেয়াদী স্নাতক বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) সংশ্লিষ্ট ক্ষেত্রে ৫ (পাঁচ) বৎসরের চাকুরির অভিজ্ঞতা। | |
| ০৩। | সহকারী ইন্সট্রাক্টর | গ্রেড-৯<br>২২০০০-৫৩০৬০ | ৩০ বৎসর | ৩ টি | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ২য় শ্রেনী বা সমমানের সিজিপিএসহ কম্পিউটার সায়েন্স, কম্পিউটার ইঞ্জিনিয়ারিং, কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বা কম্পিউটার সায়েন্স এন্ড ইনফরমেশন টেকনোলজিতে ৪ (চার) বৎসর মেয়াদী স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>অথবা<br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ১ম শ্রেনী বা সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রী অথবা ২য় শ্রেণী বা সমমানের সিজিপিএসহ | |

| ক্রমিক নং | পদের নাম | বেতনক্রম (জাতীয় বেতন স্কেল, ২০১৫) | সর্বোচ্চ বয়সসীমা | পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | যে সকল জেলাসমূহের প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নাই। |
|---|---|---|---|---|---|---|
| | | | | | স্নাতক (সম্মান) সহ ২য় শ্রেণী বা সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রী; এবং<br>(খ) কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে কম্পিউটার বিজ্ঞানে অন্যূন ১ (এক) বৎসরের ডিপ্লোমা। | |
| ০৪। | মেডিকেল অফিসার | গ্রেড-৯<br>২২০০০-৫৩০৬০ | ৩২ বৎসর | ১ টি | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে এমবিবিএস ডিগ্রী | |
| ০৫। | ভেহিক্যাল সুপারভাইজার | গ্রেড-১১<br>১২৫০০-৩০২৩০ | ৩০ বৎসর | ১ টি | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (ভোকেশনাল ইন অটোমোটিভ) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ স্নাতক বা সমমানের ডিগ্রী; এবং<br>(খ) যানবাহন রক্ষণাবেক্ষণ কাজে ৩(তিন) বৎসরের বাস্তব অভিজ্ঞতাসহ কম্পিউটার পরিচালনায় দক্ষ। | |
| ০৬। | কম্পিউটার অপারেটর | গ্রেড-১৩<br>১১০০০-২৬৫৯০ | ৩০ বৎসর | ২টি | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বিজ্ঞান বিভাগে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি; এবং কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলায় ২৫ শব্দ এবং ইংরেজীতে ৩০ শব্দের গতিসহ সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test এ উত্তীর্ণ হইতে হইবে। | বগুড়া |
| ০৭। | আর্টিস্ট-কাম-ক্যামেরাম্যান | গ্রেড-১৫<br>৯৭০০-২৩৪৯০ | ৩০ বৎসর | ১টি | কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ কোন স্বীকৃত ফটোগ্রাফ প্রশিক্ষণ প্রতিষ্ঠান হইতে প্রশিক্ষণপ্রাপ্তসহ সংশ্লিষ্ট কাজে ৩ (তিন) বৎসরের বাস্তব অভিজ্ঞতা এবং কম্পিউটার পরিচালনায় দক্ষ। | |
| ০৮। | কম্পিউটার মুদ্রাক্ষরিক | গ্রেড-১৬<br>৯৩০০-২২৪৯০ | ৩০ বৎসর | ১টি | (ক)কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা এবং<br>(গ) কম্পিউটার ব্যবহার সংক্রান্ত ওয়ার্ড প্রসেসিং ডাটা এন্ট্রি ও টাইপিং ইত্যাদির সর্বনিম্ন গতি নিম্নরুপ হবে:<br>(i) বাংলা: প্রতি মিনিটে সর্বনিম্ন ২০ শব্দ<br>(ii) ইংরেজি: প্রতি মিনিটে সর্বনিম্ন ২০ শব্দ | বাগেরহাট |
| ০৯। | রেজিস্ট্রেশন সহকারী | গ্রেড-১৬<br>৯৩০০-২২৪৯০ | ৩০ বৎসর | ১টি | কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ কম্পিউটার পরিচালনায় দক্ষ। | |
| ১০। | সহকারী বাবুর্চি | গ্রেড-২০<br>৮২৫০-২০০১০ | ৩০ বৎসর | ১টি | কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে অষ্টম শ্রেণী বা জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে অভিজ্ঞতা। | বগুড়া, কুড়িগ্রাম |
| ১১। | কুক-কাম-বেয়ারার | গ্রেড-২০<br>৮২৫০-২০০১০ | ৩০ বৎসর | ১টি | কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে অষ্টম শ্রেণী বা জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ রান্না ও পরিবেশন কাজে অভিজ্ঞতা। | কুড়িগ্রাম |

**নিম্নবর্ণিত শর্তাবলী আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে অবশ্যই অনুসরণ করতে হবেঃ**

১। ২০-১২-২০২১ খ্রি. তারিখে প্রার্থীদের সর্বনিম্ন বয়সসীমা ১৮ বছর এবং ২৫-০৩-২০২০ খ্রি. তারিখে প্রার্থীদের সর্বোচ্চ বয়সসীমা ৩০ বছর। তবে মুক্তিযোদ্ধা এবং মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান ও প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ১৮-৩২ বছর। বয়স প্রমানের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

২। নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি-বিধান এবং পরবর্তীতে এ সংক্রান্ত বিধি-বিধানে কোন সংশোধন হলে তা অনুসরণ করা হইবে।

৩। সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্ব-শাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীগণকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হইবে।

৪। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ, অসত্য তথ্য সম্বলিত আবেদনপত্র বাতিল বলে গণ্য হইবে এবং প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য নিয়োগ কার্যক্রমে যে কোন পর্যায়ে বা নিয়োগদানের পরেও অসত্য/ত্রুটিপূর্ণ/ভূয়া প্রমানিত হলে তার দরখাস্ত/নির্বাচন বা নিয়োগ সরাসরি বাতিল বলে গণ্য হইবে।

৫। নিয়োগের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হইবে। কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হইবে না। যথাযথ কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ছাড়াই কোন আবেদনপত্র বাতিল করার ক্ষমতা রাখে।

৬। বিজ্ঞপ্তিতে উল্লেখিত শূণ্য পদের সংখ্যা কম/বেশি হইতে পারে, যা নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত হইবে।

৭। মৌখিত পরীক্ষার সময়ে নিম্নোক্ত কাগজপত্রাদি দাখিল করতে হইবেঃ-

(ক) সকল সনদপত্রের মূলকপি প্রর্দশন করতে হইবে এবং পূরণকৃত Application Form সহ সকল সনদপত্রের ফটোকপি দাখিল করতে হইবে;

(খ) জেলার স্থায়ী বাসিন্দার প্রমাণপত্র হিসেবে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদ এবং প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত জাতীয় পরিচয়পত্রের ফটোকপি দাখিল করতে হইবে।

(গ) আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে আবেদনকারী শহীদ মুক্তিযোদ্ধার পুত্র–কন্যার পুত্র-কন্যা এ মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদের ফটোকপি দাখিল করতে হইবে। এ ক্ষেত্রে প্রার্থীর পিতা/মাতার নাম এবং মুক্তিযোদ্ধার পুত্র/কন্যার নাম উল্লেখসহ মুক্তিযোদ্ধার সাথে প্রার্থীর সম্পর্কের সুস্পষ্টভাবে সনদে উল্লেখ করতে হইবে।

(ঘ) শারীরিক প্রতিবন্ধী, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী এবং আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য প্রার্থীদের ক্ষেত্রে সর্বশেষ নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদের ফটোকপি দাখিল করতে হইবে।

(ঙ) সরকারি/আধাসরকারি/স্বায়ত্তশাসিত/অনুমোদিত বেসরকারি প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীগণকে নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি পত্র/ছাড়পত্রের মূলকপি জমা দিতে হইবে।

৮। নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হইবে না।

৯। অনাকাঙ্খিত ভুল-ভ্রান্তি সংশোধনযোগ্য এবং নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হইবে।

১০। অনিবার্য কারণে নিয়োগ প্রক্রিয়া স্থগিত/বাতিল/প্রত্যাহার করার ক্ষমতা নিয়োগকারী কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১১। বিজ্ঞাপনে উল্লেখিত পদ/পদ সমূহের চূড়ান্ত সুপারিশ প্রণয়নের ক্ষেত্রে সরকারের সর্বশেষ কোটা নীতি অনুসরণ করা হইবে।

১২। অনলাইনে (Online) আবেদনের সময়সীমা ও পদ্ধতি নিম্নরূপ:

আগ্রহী প্রার্থীগণ http://nactar.teletalk.com.bd/ ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপঃ

(ক) **২০/১২/২০২১ খ্রি. তারিখ সকাল ১০.০০ ঘটিকা** থেকে আবেদনপত্র দাখিল এবং পরীক্ষার ফি জমাদান শুরু হইবে।

(খ)**২০/০১/২০২২ খ্রি. তারিখ বিকাল ৫.০০ ঘটিকার** মধ্যে আবেদনপত্র জমাদান অবশ্যই শেষ করতে হইবে।

(গ) উক্ত সময় সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রাথীগণ Online এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে SMS এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

(ঘ) Online আবেদনপত্রে প্রার্থীতার স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০X প্রস্থ ৮০) Pixel, (Jpg Format), File size maximum 60kb ও রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০X প্রস্থ ৩০০) Pixel, (Jpg Format), File size maximum 100kb এ স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন।

(ঙ) Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হইবে সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হইবেন।

**SMS পাঠানোর নিয়মাবলি ও পরীক্ষার ফি প্রদান:**

অনলাইন আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মোতাবেক ছবি ও স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy প্রার্থীকে প্রিন্ট অথবা Download করে সংরক্ষণ করতে হইবে। Applicant's Copy –তে একটি User ID নম্বর দেওয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থীকে নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২(দুই) টি SMS করে পরীক্ষার ফি বাবদ ১নং থেকে ৪নং ক্রমিকে বর্ণিত পদের জন্য আবেদন ফি ৫০০/-(পাচ শত) টাকা, টেলিটকের সার্ভিস চার্জ বাবদ ৬০/-টাকাসহ মোট ৫৬০ /- (পাচশত ষাট) টাকা (অফেরৎ যোগ্য) এবং ৫ নং ক্রমিক হইতে ৯ নং ক্রমিকে বর্ণিত পদের জন্য আবেদন ফি ১০০/-(একশত) টাকা টেলিটকের সার্ভিস চার্জ বাবদ ১২/- টাকাসহ মোট ১১২/-(একশত বার) টাকা (অফেরৎ যোগ্য) এবং ১০নং ক্রমিক হইতে ১১নং ক্রমিকে বর্ণিত পদের জন্য আবেদন ফি ৫০/-(পঞ্চাশ) টাকা টেলিটকের সার্ভিস চার্জ বাবদ ৬/- টাকাসহ মোট ৫৬/-(ছাপ্পান্ন) টাকা (অফেরৎ যোগ্য) অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিতে হইবে। "বিশেষভাবে উল্লেখ্য যে, আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত আবেদনপত্র কোন অবস্থাতেই গ্রহণ করা হইবে না।"

NACTAR<space> User ID লিখে 16222 নম্বরে Send করতে হইবে।
**Example:** NACTAR ABCDEF

**Reply:** Applicant's Name, Tk,560/- will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type NACTAR<space>YES<space>PIN & Send to 16222.

**দ্বিতীয় SMS:** NACTAR<space> YES<space>PIN লিখে Send করতে হইবে 16222 নম্বরে।

**Example:** NACTAR YES 12345678

**Reply:** Congratulations Applicant's Name, Payment completed successfully for NACTAR Application for (post name) User ID is (ABCDEF) and Password (XXXXXXXX).

(চ) **প্রবেশপত্র (Admit Card):**
প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://nactar.teletalk.com.bd/ ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হইবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হইবে বিধায় উক্ত মোবাইল নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS Read করা এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরন করা বাঞ্চনীয়। SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষা তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক Print (সম্ভব হলে রঙ্গিন) করে নিবেন। প্রার্থী এই Admit Card টি লিখিত পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন।

(ছ) শুধুমাত্র Teletalk pre-paid mobile ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

i) User ID জানা থাকলে NACTAR<space> Help <space> User ID & Send to 16222
**Example: NACTAR HELP USER ABCDEF** & Send to 16222.

ii) PIN Number জানা থাকলে NACTAR<space> Help<space>PIN<space>PIN No & Send to 16222.
**Example: NACTAR HELP PIN 12345678** & Send to 16222.

১৩। অসম্পূর্ণ/ ভুল তথ্য সংবলিত /ত্রুটিপূর্ণ এবং চাকুরির বিজ্ঞপ্তিতে প্রকাশিত নূন্যতম যোগ্যতার সাথে যেমন-বয়স, শিক্ষাগত যোগ্যতা ,কোটা, জেলা ইত্যাদি যে কোন বিষয়ে অসামঞ্জস্যপূর্ণ তথ্য পূরনকৃত আবেদন নিয়োগের যে কোন পর্যায়ে বাতিল করা হইবে। এক্ষেত্রে প্রার্থীর কোন আপত্তি গ্রহনযোগ্য হইবে না।

১৪। লিখিত ও মৌখিক পরীক্ষার নোটিশ www.nactar.gov.bd এবং www.tmed.gov.bd ওয়েবসাইটে পাওয়া যাবে। এ ছাড়া প্রার্থীর মোবাইলে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) জানানো হইবে।

(মো: শাাফউল ইসলাম)
পরিচালক(উপসচিব)
নেকটার, বগুড়া।
০৫১-৬০৯৮৮(অফিস)
E-mail: director@nactar.gov.bd